শ্রীশ্রী গুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

ভক্তি জীবন-বাণী

শ্রী শ্রীল ভক্তিজীবন আচার্য্য গোস্বামী মহারাজ
[বর্তমান আচার্য্য সভাপতি-শ্রীকৃষ্ণ চৈতন্য মঠ, মিঠাপুকুর রোড, বর্ধমান]

শ্রীশ্রী গুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

বিষয়: "আত্মেন্দ্রিয় প্রীতি বাঞ্ছা তারে বলি কাম। কৃষ্ণেন্দ্রিয় প্রীতি বাঞ্ছা ধরে প্রেম নাম।।"

কাম ও প্রেম দেখিতে একইরকম হইলেও কাম ও প্রেম মধ্যে বহুত অন্তর। কাম অন্ধতম ও প্রেম নির্ম্মল ভাস্কর। চৈতন্য চরিতামৃতে--- "সুনির্ম্মল কৃষ্ণ প্রেম যেন জাম্বনদ হেম সেই প্রেম নৃ-লোকে না হয়।" ইহ জগতে প্রেমের কোন স্থান নাই। কেন না, জীবে জীবের মধ্যে কখনও প্রেম সম্ভব নহে। জীবে জীবের মধ্যে কাম হইয়া থাকে। যাহারা প্রেম রূপ পবিত্র শব্দকে কাম সঙ্গে তুলনা করিয়া থাকে তাহারা নিশ্চয়ই প্রেম সমন্ধে অবগত নহেন। প্রেম চেতন বস্তু অর্থাৎ আত্মা-আত্মার সঙ্গে হইয়া থাকে, কিন্তু জড়জগতে ইন্দ্রিয় পরিতৃপ্তকারী জীবের মধ্যে কাম দৃষ্ট হইয়া থাকে। কাম এবং প্রেম দুইটি বস্তু সম্পূর্ণ পৃথক্। কাম ভোগের দ্বারা জীবের অধোগতি হইয়া থাকে। প্রেমের দ্বারা চিৎবস্তু যে ভগবানকে লাভ হইয়া থাকে। কামের দ্বারা জড় ইন্দ্রিয় কোনদিন পরিতৃপ্ত হইতে পারে না। "আহার নিদ্রা মৈথুন ভয়, যতই করিবে ততই হয়" ইন্দ্রিয় সুখ ভোগ করিতে গিয়া কেমন মৃত্যুমুখে পতিত হইতে হয় তাহার প্রমাণ স্বরূপ যেমন-----------

১)"মৃগ" কর্ণের রস আস্বাদনের হেতু ব্যাধ জালে পতিত হয়। (কর্ণেন্দ্রিয়-শব্দের দ্বারা)

২) "পতঙ্গ" রূপেতে আকৃষ্ট হইয়া মৃত্যু কবলিত হয়। (দর্শনেন্দ্রিয়-রূপের দ্বারা)

৩) 'মধু মক্ষিকা' জিহ্বান্দ্রিয় সুখ লাভ করিতে গিয়া মৃত্যু মুখে পতিত হয়। (রসনেন্দ্রিয়-জিহ্বা দ্বারা)

৪) 'ম্যৎস' গন্ধ আস্বাদনে প্রাণ ত্যাগ করে। (ঘ্রাণেন্দ্রিয়-ণাসিকা দ্বারা)

৫) 'মাতঙ্গ [হস্তী]' উপস্থ ইন্দ্রিয় ভোগ করিতে গিয়া সারা জীবনের ন্যায় নিজের স্বাধীনতাকে জলাঞ্জলী দেয়। (স্পর্শেন্দ্রিয়-ত্বক দ্বারা)

এই সকল জীবের এক একটি মাত্র ইন্দ্রিয় প্রবলের কারণে তাহারা নিজেদের অস্তিত্বকে হারাইয়া থাকে। কিন্তু মনুষ্যরূপী আমাদের একসঙ্গে পাঁচ পাঁচটি ইন্দ্রিয় প্রবল হইলে বা ভোগেচ্ছু হইলে কি করিয়া নিজের অস্তিত্ব কে ধারণ করিতে পারিব? এতদ্বারা প্রমাণিত হয় যে, কামরূপ জড় ইন্দ্রিয় সুখ লাভের প্রচেষ্টায় প্রেমরূপ সম্পদ অলভ্য। চিৎবিলাস রূপ চিৎ জগতে এই প্রকার ইন্দ্রিয় সুখের কোন বাসনা থাকে না। চিৎ জগতে চেতনরূপী যে আত্মা পরস্পর সুখ প্রদান করিতে চেষ্টা করে। "না গণি আআপ-দুঃখ, সবে বাঞ্ছি তাঁর সুখ, তাঁর সুখ----আমার তাৎপর্য্য। মোরে যদি দিয়া দুঃখ, তাঁর হৈল মহাসুখ, সেই দুঃখ----মোর সুখবর্য্য।। ---- চৈতন্য চরিতামৃত (২০।৫২)

প্রেম সূর্য্যের ন্যায় এবং কাম খদ্যাতিকা *[জোনাকি]* ন্যায়। কৃষ্ণ কাম সমুদ্র, গোপিগণ কৃষ্ণের সহিত মিলিত হইয়াছিলেন সামান্য ক্ষুদ্র কাম পরিতৃপ্তির জন্য কিন্তু চিৎবিলাসে রসঘনমূর্তি রসিকশেখর বা রসিকচূড়ামণি ভগবান শ্রীকৃষ্ণের প্রেমনিধি বা প্রেমসাগরে গোপীগণের ক্ষুদ্র কাম বিলুপ্ত হইয়াছিল। গোপীগণের বিশুদ্ধ কাম সচ্চিদানন্দ ঘনবিগ্রহ শ্রীকৃষ্ণের প্রেমসমুদ্রে নিমজ্জিত হইয়াছিল। কারণ যেহেতু চেতনে-চেতনে প্রেম হয়, জড়জগতের ন্যায় চিৎজগতে কামের কোন গন্ধ নাই। জড়জগতে সাধারণ মনুষ্য প্রেমের সম্বন্ধে অবগত না হইয়া ইন্দ্রিয়সুখ লাভের যে কাম তাহাকে প্রেম বলিয়া আরোপ করে বা আখ্যা দেয়। এহেন কুৎসিৎ চিন্তা বা বিচারের দ্বারা প্রেমরূপ ধন লাভ করিতে অসমর্থ হয়। শ্রীমন্মহাপ্রভুর ভাষায়-----"প্রেমধন বিনা ব্যর্থ দরিদ্র জীবন। দাস করি বেতন মোরে দেহ প্রেমধন।।" পঞ্চম পুরুষার্থ কৃষ্ণপ্রেম লাভ জীবের একমাত্র উদ্দেশ্য। যাহারা প্রেম লাভে ইচ্ছুক, তাহারা জড় ইন্দ্রিয়সুখ রূপ ঘৃণিত কামকে অবশ্যই পরিত্যাগ করিবেন।

*[*শ্রীকৃষ্ণ চৈতন্য মঠ*,* মিঠাপুকুর রোড*,* বর্ধমান
শ্রীল ভক্তিনয়ন তীর্থ মহারাজ যোগাযোগ নাম্বার*: +91 99337 50213]*

*[*শ্রীগৌড়ীয় গুরু-বাণী পাবলিকেশন দ্বারা প্রকাশিত*]*
যোগাযোগ নাম্বার*: 8250872221]*